NYC Department of Education

চ্যান্সেলরের প্রবিধান

শ্রেণি:	*শিক্ষার্থী*	ইস্যুর তারিখ: ৩/২৪/১০	নম্বর:	**A-655**
বিষয়:	স্কুল এবং ডিস্ট্রিক্ট নেতৃত্ব দল		পৃষ্ঠা:	২ পৃষ্ঠার ২

পরির্তনসমূহের সারাংশ

এই প্রবিধান চ্যান্সেলরের ডিসেম্বর ৩, ২০০৭ তারিখ প্রবিধান এ-৬৫৫ এর স্থলাভিষিক্ত হবে।

পরিবর্তনসমূহ:

- স্কুলের সার্বিক পরিকল্পনা (সিইপি) প্রস্তুত করা, এবং সেই পরিকল্পনা যে স্কুল-ভিত্তিক বাজেটের সঙ্গে সঙ্গতিপূর্ণ তা নিশ্চিত করার জন্য এসএলটি দায়ী থাকবে (পৃষ্ঠা 1, সেকশন II.A 1)।
- সিদ্ধান্তগ্রহণের মূল পন্থা হিসাবে এসএলটি অবশ্যই একটি মতৈক্য-ভিত্তিক সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়া ব্যবহার করবে (পাতা 7, সেকশন VIII.)।
- এসএলটির সঙ্গে পরামর্শ করে স্কুল-ভিত্তিক বাজেট তৈরি করা এবং সে বাজেট যে সিইপির সাথে সঙ্গতিপূর্ণ, তা নিশ্চিত করার জন্য প্রিন্সিপ্যাল দায়ী থাকবেন (পৃষ্ঠা 1, সেকশন II.A.2)।
- স্কুল-ভিত্তিক বাজেট এবং সিইপি-র মধ্যে মিল নিশ্চিত করার জন্য, যেকোন এসএলটি সদস্য (এসএলটির পক্ষে) গ্যালাক্সি টেবিল অব অর্গানাইজেশন রিপোর্টের জন্য প্রতি সেমেস্টারে দুবার অনুরোধ জানাতে পারেন এবং জবাবে প্রিন্সিপ্যাল ৫ স্কুল দিবসের মধ্যে এই রিপোর্ট দিবেন। তাছাড়া, যেকোন এসএলটির সদস্য ডিওই-র ওয়েবসাইট থেকে গ্যালাক্সি বাজেট বরাদ্দ সম্পর্কে জানতে পারেন যা নতুন অর্থ বছরে বরাদ্দ ইস্যু হবার পর প্রকাশিত হয় এবং তিনি গ্যালাক্সি টেবিল অব অর্গানাইজেশন সামারি রিপোর্টও পেতে পারেন যা অ্যাকাডেমিক বছরের শুরুতে প্রকাশিত হয়।(পৃষ্ঠা 1, সেকশন II.A.3)
- প্রিন্সিপ্যাল সিদ্ধান্ত নিবেন যে, স্কুলভিত্তিক বাজেট সিইপি-র সাথে সঙ্গতিপূর্ণ হয়েছে, এবং সুপারিনটেন্ডেন্টের কাছে এর একটি লিখিত যৌক্তিকতা পাঠাবেন। (পৃষ্ঠা 1, সেকশন II.A.5)।
- প্রিন্সিপ্যাল ছাড়া অন্যান্য এসএলটি সদস্য ১০ স্কুল দিবসের মধ্যে এই লিখিত যৌক্তিকতার উপর মতামত দিতে পারেন, যদি তারা ঐকমত্যে পৌঁছান যে, স্কুল-ভিত্তিক বাজেটটি সিইপি-র সঙ্গে সঙ্গতিপূর্ণ বলে প্রিন্সিপ্যাল যে যৌক্তিকতা দিয়েছেন সেটি মানতে তারা অসম্মত এবং প্রিন্সিপ্যালের প্রস্তাবিত বাজেটটি সিইপিতে নির্ধারিত লক্ষ্য এবং নীতিমালার সাথে অসঙ্গতিপূর্ণ। এর পর সুপারিনটেন্ডেন্ট অবশ্যই একটি সিদ্ধান্ত নিবেন (পৃষ্ঠা 2, সেকশন II.A.6)।
- যদি এসএলটি সিইপি-র বিষয়ে একমত না হতে পারে, তাহলে তারা ডিস্ট্রিক্ট লিডারশিপ টিমের (ডিএলটি) কাছে সহায়তা চাইবে। তার পরও যদি সফল না হয়, সেক্ষেত্রে কম্যুনিটি অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্টের সহায়তা নিবে। কম্যুনিটি অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্ট এসএলটির মধ্যে মতৈক্য আনার চেষ্টা করবেন। এই ধরনের সহায়তা চাওয়া এবং পাওয়ার পরও যদি এসএলটি সিইপি-র ব্যাপারে মতৈক্যে পৌঁছুতে না পারে, তাহলে সুপারিনটেনডেন্ট নিজে সিইপি গঠনের সিদ্ধান্তটি নিবেন। যদিও, সিইপি বিষয়ে সিদ্ধান্ত সুপারিনটেনডেন্ট শুধুমাত্র শেষ উপায় হিসাবে নিবেন যদি এসএলটি সদস্যদের মতৈক্যে পৌঁছুতে উপরে উল্লিখিত সকল উপায় ব্যর্থ হয়। (পৃষ্ঠা 1, সেকশন II.A.4; ও পৃষ্ঠা 7, সেকশন VIII).)।
- প্যারেন্ট এনগেজমেন্ট কর্মী অথবা সুপারিনটেনডেন্টদের দ্বারা এসএলটি এবং ডিএলটি-গুলোকে সহায়তা দেওয়া হয়। (পৃষ্ঠা 6, সেকশন VI; এ ছাড়া পৃষ্ঠা 7, সেকশন VIII.)। চূড়ান্ত সিইপি এবং স্কুল-ভিত্তিক বাজেট ডিওই অথবা স্কুলের অফিসিয়াল ওয়েবসাইটে দেয়া হবে এবং স্কুলের অনুরোধক্রমে এসএলটির প্রত্যেক সদস্যকেও বাজেটের কপি প্রদান করা হবে।
- এসএলটি-র সভা, স্কুল বর্ষে কমপক্ষে মাসে একবার করে অনুষ্ঠিত হবে এবং তা অবশ্যই স্কুলে অথবা ডিওই-র জায়গাতে অনুষ্ঠিত হবে। (পৃষ্ঠা 7, সেকশন VII.)।
- উন্মুক্ত সভা আইনের সাথে অবশ্যই একটি সঙ্গতিপূর্ণ আকারে সিইপি সভার বিজ্ঞপ্তি প্রদান করতে হবে। (পৃষ্ঠা 7, সেকশন VII.)।
- স্কুলে কোন প্রিন্সিপ্যাল অথবা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল পদপ্রার্থীকে নিয়োগ দেওয়ার আগে এসএলটি-র সাথে অবশ্যই পরামর্শ

করে নিতে হবে । (পৃষ্ঠা 7, সেকশন X.A)।

- এসএলটি সদস্যদের সাথে একটি কার্যকর মতবিনিময়-ভিত্তিক সিদ্ধান্তগ্রহণের সম্পর্ক গড়ে তোলার বিষয়ে প্রিন্সিপ্যালের রেকর্ডের একটি বার্ষিক মূল্যায়ন এসএলটি সুপারিনটেনডেন্টের কাছে পাঠাবেন। (পৃষ্ঠা 2, সেকশন II.B 2)।
- সিইসি-র পিতামাতা-সদস্য (এবং একটি নির্বাচনের বর্ষে, সিইসি-র পদপ্রার্থীরা), তাদের সন্তান যে-স্কুলে পড়ছে, সেই স্কুলের এসএলটি-তে পিতামাতা-সদস্য হিসাবে কাজ করতে পারবেন। (পৃষ্ঠা 3, সেকশন III.C.b.(i).) ।
- প্রয়োজনে এসএলটি তাদের উপবিধি সংশোধন করতে পারবে। (পৃষ্ঠা 4, সেকশন IV.B.)।
- সুপারিনটেনডেন্ট (অথবা তার নিযুক্ত ব্যক্তি) স্কুলের যে কোন পুনর্গঠনের পরিকল্পনার বিষয়ে এসএলটি-র সাথে পরামর্শ করবেন। কোন স্কুল বন্ধ করা অথবা স্কুল ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পরিবর্তন করার প্রস্তাবের উপর যৌথ উন্মুক্ত শুনানিতে এসএলটি অংশগ্রহণ করবে। (পৃষ্ঠা 8, সেকশন X.B) ।
- ডিএলটি ডিস্ট্রিক্টের সার্বিক শিক্ষা পরিকল্পনা (ডিসিইপি) প্রস্তুত করবে, যেটিতে ডিস্ট্রিক্টের জন্য চ্যান্সেলরের লক্ষ্যের সাথে সঙ্গতিপূর্ণ বার্ষিক লক্ষ্য এবং উদ্দেশ্য অন্তর্ভুক্ত থাকবে। (পৃষ্ঠা 5, সেকশন V.A.) ।
- স্কুল-ভিত্তিক পরিকল্পনা এবং মতবিনিময়-ভিত্তিক সিদ্ধান্তের সেন্ট্রাল প্ল্যানে, প্রতিটি একক ডিস্ট্রিক্টের ডিএলটি কর্তৃক গৃহীত ১০০.১১ পরিকল্পনা, এবং একই সাথে এই প্রবিধানে নির্ধারিত পদ্ধতি,সন্নেবেশিত করা হয়। অফিস অব স্কুল ইমপ্রুভমেন্ট প্রতিটি ডিস্ট্রিক্টের পরিকল্পনা প্রতিলিপি সংরক্ষণের জন্য এবং সেগুলিকে সেন্ট্রাল প্ল্যানে অন্তর্ভুক্ত করার জন্য দায়ী থাকবে। (পৃষ্ঠাং 5, সেকশন V.A.)।
- একটি সিটিওয়াইডহাই স্কুল উপ-কমিটি গঠন করা হবে, যেটি মাসিক ভিত্তিতে প্রাসঙ্গিক উপাত্ত পর্যালোচনা করবে এবং হাই স্কুল স্তরে শিক্ষার্থীদের কার্যসম্পাদনাকে প্রভাবিত করে এমন সমস্যা চিহ্নিত করে মাসিক ভিত্তিতে ডিএলটি-কে তা অবহিত করবে। (পৃষ্ঠা 6, সেকশন V.C.) ।
- প্রতিটি এসএলটি বছরে একবার, অক্টোবরের ৩১ তারিখের মধ্যে, তাদের সদস্যদের তালিকা এবং বর্তমান উপবিধির কপি ডিএলটি-কে অবশ্যই প্রদান করবে। (পৃষ্ঠা 8, সেকশন XII.) ।
- প্রতিটি ডিএলটি বছরে একবার, নভেম্বরের ১৫ তারিখের মধ্যে, তার ডিস্ট্রিক্টের সকল এসএলটি সদস্যদের নামের তালিকা এবং তার নিজস্ব সদস্যদের তালিকা এবং উপবিধি চিফ ফ্যামিলি এনগেজমেন্ট অফিসারের কাছে অবশ্যই প্রদান করবে। (পৃষ্ঠা 9, সেকশন XII.)।
- সন্তান যে-স্কুলে পড়ছে সেখানকার এসএলটি-তে পিতামাতার নির্বাচনের বিষয়ে পিতামাতারা নির্বাচনের ৭ দিনের মধ্যে তাদের নালিশ দাখিল করতে পারবেন (পৃষ্ঠা 9, সেকশন XIV.A এবং B.)।
- সুপারিনটেনডেন্টের সিদ্ধান্ত পাওয়ার ১০ দিনের মধ্যে, নালিশের সিদ্ধান্তের উপর পিতামাতা চ্যান্সেলরের কাছে আপিল জানাতে পারবেন (প্রযত্নে: দি অফিস অব লিগ্যাল সার্ভিসেস) (পৃষ্ঠা 9, সেকশন XIV.C.)।

সারসংক্ষেপ

এই প্রবিধান দ্বারা প্রতিটি নিউ ইর্য়ক সিটি পাবলিক স্কুলে স্কুল লিডারশিপ টিম এবং প্রতিটি কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টে (এসএলটি) ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম (ডিএলটি) গঠন নিশ্চিত করা হয়। একই সাথে,স্কুল-ভিত্তিক পরিকল্পনা প্রক্রিয়া এবং মতবিনিময় ভিত্তিক সিদ্ধান্তগ্রহণ এর অন্তর্ভুক্ত রয়েছে।

I. *ভূমিকা*

প্রতিটি নিউ ইর্য়ক সিটি পাবলিক স্কুলে অবশ্যই একটি করে এসএলটি থাকতে হবে। স্কুল-ভিত্তিক সিদ্ধান্ত প্রক্রিয়া এবং সহযোগিতামূলক স্কুল সংস্কৃতির পথ নির্মাণের উদ্দেশ্যে কাঠামো সৃষ্টির ক্ষেত্রে এসএলটি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। স্কুল-ভিত্তিক শিক্ষা নীতিমালা তৈরিএবং তা বাস্তবায়নের জন্য চাহিদামাফিক সম্পদের যোগান নিশ্চিত করার জন্য এসএলটি একটি মাধ্যম হিসাবে কাজ করে। সহযোগিতামূলক পন্থায় কাজ করার মধ্য দিয়ে, এসএলটি তার স্কুলের শিক্ষা কর্মসূচি এবং শিক্ষার্থীর অর্জনের উপর স্কুলের শিক্ষা কর্মসূচির প্রভাবের মুল্যায়ন ও যাচাইয়ে সহায়তা করে।

II. *স্কুল নেতৃত্ব দলের অধিকার ও দায়িত্ব*

A. সার্বিক শিক্ষা পরিকল্পনা এবং স্কুল-ভিত্তিক বাজেট

1. স্টেটের শিক্ষা আইনের সেকশন 2590-h মোতাবেক, আগত স্কুল বর্ষের জন্য স্কুল বাজেটের সাথে মিল রেখে, স্কুলের বার্ষিক একটি সার্বিক শিক্ষা পরিকল্পনা (সিইপি) প্রস্তুত করার জন্য এসএলটি দায়ী থাকেব। স্কুল-ভিত্তিক বাজেটটি আর্থিক উপাত্ত তুলে ধরে, যার সীমানার ভিতরে অবস্থান করে এসএলটি, শিক্ষার্থীদের চাহিদা এবং স্কুলের শিক্ষা কর্মসূচি মেটানোর জন্য, লক্ষ্য ও উদ্দেশ্য দাঁড় করাবে।

2. সিইপি এবং স্কুল-ভিত্তিক বাজেট প্রণয়ন একসাথে করতে হবে, যাতে এটি বাজেটের সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়া সম্পর্কে অবগত করাতে পারে, এবং ফলে বাজেট এবং সিইপি সঙ্গতিপূর্ণ হয়। প্রিন্সিপ্যাল, যিনি স্কুল-ভিত্তিক বাজেট প্রস্তুতকরণের জন্য দায়ী, তিনি এই তৈরিপ্রক্রিয়ার সময় এসএলটি-র সাথে পরামর্শ করবেন যাতে বাজেট সিইপি-র সাথে সঙ্গতিপূর্ণ হয় । স্কুল-ভিত্তিক বাজেটের বিষয়ে প্রিন্সিপ্যাল চূড়ান্ত সিদ্ধান্তগ্রহণ করেন।

3. স্কুল-ভিত্তিক বাজেট এবং সিইপি-র মধ্যে মিল নিশ্চিত করার জন্য, যেকোন এসএলটি সদস্য (এসএলটির পক্ষে) “গ্যালাক্সি টেবিল অব অর্গানাইজেশন রিপোর্ট” যা “পাবলিক/এসএলটি ভিউ”(কাজটির পরিচিতিজ্ঞাপক গোপনীয় তথ্য) নামে পরিচিত- তার জন্য প্রতি সেমেস্টারে দুবার অনুরোধ জানাতে পারেন এবং জবাবে প্রিন্সিপ্যাল ৫ স্কুল দিবসের মধ্যে এই রিপোর্ট দিবেন। তাছাড়া, যেকোন এসএলটির সদস্য ডিওই-র ওয়েবসাইট থেকে গ্যালাক্সি বাজেট বরাদ্দ সম্পর্কে জানতে পারেন যা নতুন অর্থ বছরে বরাদ্দ ইস্যু হবার পর প্রকাশ হয় এবং তিনি গ্যালাক্সি টেবিল অব অর্গানাইজেশন সামারি রিপোর্টও পেতে পারেন যা অ্যাকাডেমিক বছরের শুরুতে প্রকাশিত হয়।

4. সিইপি-র ব্যাপারে মতৈক্যে পৌঁছুতে না পারলে এসএলটি অবশ্যই মতৈক্য ভিত্তিক সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়া ব্যবহার করবে এবং সহায়তা চাইবে। স্কুল-ভিত্তিক বাজেটের সাথে মিল আছে তেমন সিইপি গঠনে এসএলটি যদি মতৈক্যে পৌঁছুতে না পারে, তাহলে এসএসটি ডিস্ট্রিক্ট লিডারশিপ টিমের সহায়তা চাইবে এবং তাও যদি সফল না হয়, সেক্ষেত্রে কম্যুনিটি অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্টের সহায়তা নেবে। কম্যুনিটি অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্ট এসএলটির মধ্যে মতৈক্য আনার চেষ্টা করবে। এই ধরনের সহায়তা চাওয়া এবং পাওয়ার পরও যদি এসএলটি সিইপি-র ব্যাপারে মতৈক্যে পৌঁছুতে না পারে, তাহলে সুপারিনটেনডেন্ট নিজে সিইপি গঠনের সিদ্ধান্তটি নিবেন। যদিও, সিইপি বিষয়ে সিদ্ধান্ত সুপারিনটেনডেন্ট শুধুমাত্র শেষ ভরসা হিসাবে নিবেন যদি এসএলটি সদস্যদের মতৈক্যে পৌঁছুতে উপরে উল্লিখিত সকল উপায় ব্যর্থ হয়।

5. প্রস্তাবিত স্কুল-ভিত্তিক বাজেটটি প্রিন্সিপ্যাল কম্যুনিটি অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্টের কাছে অনুমোদনের জন্য জমা দিবেন, এবং স্কুল-ভিত্তিক বাজেটটি সিইপি-র সাথে সঙ্গতিপূর্ণ, তার সমর্থনে বাজেটের সাথে তিনি একটি লিখিত যৌক্তিকতার বাখ্যা তুলে ধরবেন। বাজেট চূড়ান্ত হতে হলে, বাজেটটি অবশ্যই কম্যুনিটি অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্ট কতৃর্ক অনুমোদিত হতে হবে, এবং প্রত্যায়িত হতে হবে যে, বাজেটটি সিইপি-র সাথে সঙ্গতিপূর্ণ। সুপারিনটেনডেন্ট লিখিত যৌক্তিকতা জমা দেওয়ার ফরম এবং পন্থা সুপারিশ করেন। (একটি সুপারিশকৃত ফরম সংযুক্তি 1 হিসাবে সংযুক্ত করা হল।)

6. এসএলটি সদস্যরা (প্রিন্সিপ্যাল ব্যতীত) যদি সম্মত হন যে, স্কুল-ভিত্তিক বাজেটটি সিইপি-র সাথে সঙ্গতিপূর্ণ, তাহলে এসএলটির পক্ষ থেকে প্রিন্সিপ্যালের যৌক্তিকতার কোন উত্তর জমা দেওয়ার প্রয়োজন নাই। যাই হোক, এসএলটি সদস্যগণ (প্রিন্সিপ্যাল ব্যতীত) যদি এক মত হন যে, স্কুল-ভিত্তিক বাজেটটি যে সিইপি-র সাথে যে সঙ্গতিপূর্ণ,সে বিষয়ে তারা প্রিন্সিপ্যালের যৌক্তিকতায় সম্মত নন, এবং মনে করেন যে সিইপি-র নির্ধারিত লক্ষ্য এবং নীতিমালার সাথে প্রস্তাবিত বাজেটটি অসঙ্গতিপূর্ণ, তাহলে এসএলটি কম্যুনিটি অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্টের কাছে পাঁচ (১০) স্কুল দিবসের মধ্যে যৌক্তিকতার উপর লিখিত প্রতিউত্তর দাখিল করবে। (একটি সুপারিশকৃত ফরম সংযুক্তি 1 হিসাবে সংযুক্ত করা হল।)

7. যদি এসএলটি সদস্যরা (প্রিন্সিপ্যাল ব্যতীত) উত্তর জমা দেন, তাহলে কম্যুনিটি বা হাই স্কুল সুপারিনটেনডেন্ট এসএলটি-র কাছে দশ ১০ স্কুল দিবসের মধ্যে একটি লিখিত উত্তর দিবেন। স্কুল-ভিত্তিক বাজেটটি সিইপি-র সাথে খাপ খায় কি-না সে সম্পর্কে বিরোধের সিদ্ধান্ড়, পর্যালোচিত তথ্যসমূহের বিবরণ এবং সিদ্ধান্ড়ের ভিত্তি সুপারিনটেনডেন্টের উত্তরে অন্ড়র্ভুক্ত থাকবে। (একটি সুপারিশকৃত ফরম সংযুক্তি 2 হিসাবে সংযুক্ত করা হর।) এই সিদ্ধান্ড় পাওয়ার পর, এসএলটি এবং প্রিন্সিপ্যাল অনতিবিলম্বে সুপারিনটেনডেন্টের উত্তরের নির্দেশনা অনুযায়ী, অবশ্যই স্কুল-ভিত্তিক বাজেট এবং সিইপি সংশোধন করবেন।

8. প্রিন্সিপ্যাল ব্যতীত, এসএলটির সদস্যগণ প্রিন্সিপ্যাল কর্তৃক নেয়া যেকোন সিদ্ধান্তের সাথে ভিন্নমত হতে পারেন যেক্ষেত্রে এসএলটির সদস্যগণ (প্রিন্সিপ্যাল ছাড়া) কম্যুনিটি অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্টের কাছে লিখিত প্রতিবাদ দাখিল করে একটি মতৈক্যে পোঁছেন যে সিদ্ধান্তটি স্কুলের বিদ্যমান সিইপির লক্ষ্য এবং নীতির সাথে অসামঞ্জস্যপূর্ণ। সুপারিনটেনডেন্ট প্রাথমিক অভিযোগ পাবার ১০ স্কুল দিবসের মধ্যে এসএসটি এবং প্রিন্সিপ্যালের কাছে একটি লিখিত প্রতিউত্তর পাঠাবেন, যে প্রতিউত্তরে তথ্যের পর্যালোচনার বিবরণ এবং মত-বিরোধ বিষয়ে সুপারিনটেনডেন্টের সিদ্ধান্তের ভিত্তি অন্তর্ভুক্ত থাকবে।

9. চূড়ান্ত সিইপি এবং স্কুল-ভিত্তিক বাজেট ডিওই-র অথবা স্কুলের অফিসিয়াল ওয়েবসাইটে দেয়া হবে এবং স্কুলের অনুরোধক্রমে এসএলটির প্রত্যেক সদস্যকেও বাজেটের কপি প্রদান করা হবে।

B. অন্যান্য দায়িত্ব

1. স্কুলের কর্মী নিয়োগ বা বরখাস্ড় করার জন্য এসএলটি দায়িত্ব বহন করবে না। যাই হোক, চ্যান্সেলরের প্রবিধান C-30-এর সাথে সঙ্গতি রেখে, প্রিন্সিপ্যাল বা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল পদে প্রার্থীকে স্কুলে নিয়োগ দেওয়ার আগে এসএলটি-র সাথে অবশ্যই পরামর্শ করে নিতে হবে।

2. এসএলটির সদস্যদের সাথে বর্ষব্যাপী একটি কার্যকর মতবিনিময়-ভিত্তিক সিদ্ধান্ড়গ্রহণের সম্পর্ক গড়ে তোলার বিষয়ে প্রিন্সিপ্যালের রেকর্ডের একটি বার্ষিক মূল্যায়ন এসএলটি তার কম্যুনিটি ডিস্ট্রিক্ট অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্টের কাছে পাঠাবে। (মূল্যায়নের একটি নমুনা ফরম সংযুক্ত 3 হিসাবে সংযুক্ত করা হল)।

III. *গঠন*

A. টিমের আকার

সকল এসএলটি-তে কমপক্ষে দশ জন এবং সর্বোচ্চ ১৭ জন সদস্য থাকবে। টিমের আকার নির্ধারণে বাজেট বরাদ্দ অবশ্যই বিবেচনায় নিতে হবে।

B. আবশ্যিক সদস্য

এসএলটি-র তিন জন আবশ্যিক সদস্য হচ্ছে স্কুলের প্রিন্সিপ্যাল, প্যারেন্ট অ্যাসোসিয়েশন/প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন (পিএ/পিটিএ) প্রেসিডেন্ট[1] এবং ইউনাইটেড ফেডারেশন অব টিচারস্ (ইউএফটি) চ্যাপ্টার লিডার, অথবা তাদের নিযুক্ত ব্যক্তি।

C. আবশ্যিক -নয় এমন সদস্য

1. আবশ্যিক সদস্য ছাড়াও, এসএলটি-তে স্কুলের অন্যান্য পিতামাতা এবং কর্মী (শিক্ষকতা পেশায়/অথবা শিক্ষকতা পেশায় নয়) অন্ড়র্ভুক্ত থাকতে হবে। এসএলটি-তে অবশ্যই সমান সংখ্যায় পিতামাতা এবং কর্মী থাকতে হবে।

   a. পিতামাতা এবং কর্মীদের নির্বাচনঃ

   স্কুল কম্যুনিটির সকল সদস্য অন্ড়র্ভুক্ত হওয়ার যেন সুযোগ পায় তা নিশ্চিত করতে এবং এসএলটি-তে ব্যাপক অংশগ্রহণ উৎসাহিত করতে, পিতামাতা এবং কর্মীবৃন্দ প্রতিটি ভোটার গোষ্ঠীর বিবেচনায় ন্যায্য এবং পক্ষপাতহীনভাবে, অবশ্যই তাদের নিজস্ব ভোটার গোষ্ঠীর দ্বারা নির্বাচিত হতে হবে, এবং সকল নির্বাচন, যুক্তিসঙ্গত সময় রেখে আগাম বিজ্ঞপ্তি প্রদান সহকারে অবশ্যই ব্যাপকভাবে প্রচারণার মাধ্যমে অনুষ্ঠিত হতে হবে। ভোটার গোষ্ঠীর সকল সদস্যের জন্য নির্বাচন অবশ্যই উম্মুক্ত থাকতে হবে (উদাহরণস্বরূপ, পিএ/পিটিএ, সিএসএ, ইউএফটি, ডিসি ৩৭) এবং অবশ্যই গোষ্ঠীর উপবিধিতে নির্ধারিত মেয়াদকাল বজায় রেখে তা অনুষ্ঠিত হতে হবে।

[1] কো-প্রেসিডেন্টের ক্ষেত্রে, অবশিষ্ট পিএ/পিটিএ কর্মকর্তাবৃন্দ সিদ্ধান্ড় নিবেন যে, কোন কো-প্রেসিডেন্ট এসএলটি-র আবশ্যিক সদস্য হিসাবে কাজ করবেন।

পিএ/পিটিএ-র এসএলটি সদস্যদের নির্বাচনের আগে, কমপক্ষে একটি দশ ক্যালেন্ডার দিবসের বিজ্ঞপ্তি দিতে হবে। পিটিএ-র ক্ষেত্রে, স্কুল অ্যাসোসিয়েশনের শুধুমাত্র পিতামাতা-সদস্য এসএলটি-র জন্য পিতামাতা প্রতিনিধি নির্বাচনে ভোট দিতে পারবেন। পিএ/পিটিএ-দেরকে উৎসাহিত করা হচ্ছে যে তারা যেন আবশ্যিক-নয় এসএলটি-র এমন পিতামাতা-সদস্যদেরকে ভিন্ন ভিন্ন মেয়াদে কাজ করতে দেন ।

এসএলটি-র নির্বাচন পিএ/পিটিএ নির্বাচনের পর অবশ্যই বসন্তে অনুষ্ঠিত হতে হবে (চ্যান্সেলরের প্রবিধান A-660 দেখুন)।

b. যোগ্যতা

i. পিতামাতা

স্কুল থেকে পিতামাতারা[2] স্কুলের পিএ/পিটিএ দ্বারা নির্বাচিত হয়ে এসএলটি-তে কাজ করতে পারবেন।

পিতামাতা যদি কোন স্কুলে চাকুরীতে থাকেন, সে স্কুলে পিতামাতা-সদস্য হিসাবে এসএলটি-তে কাজ করতে পারবেন না, তবে অন্য কোন স্কুলে যেখানে তার সন্তান অধ্যয়নরত, সেখানে তিনি এসএলটি-তে কাজ করতে পারবেন।

পিতামাতা একাধিক এসএলটি-তে কাজ করার জন্য নির্বাচিত হতে পারেন, যতক্ষণ পর্যন্ত তারা এই প্রবিধানে নির্ধারিত চাহিদা মিটিয়ে চলেন।

সিইপি-র পিতামাতা সদস্য (এবং নির্বাচন বর্ষে, সিইসি-তে পদপ্রার্থী), তার সন্তান যে-স্কুলে পড়ছে, সেখানে এসএলটি-তে পিতামাতা-সদস্য হিসাবে কাজ করতে পারবেন।

ii. *কর্মী*

কোন প্যারেন্ট কো-অর্ডিনেটর যে-স্কুলে কর্মরত রয়েছেন, সেই স্কুলে এসএলটি-তে কোন পদেই কাজ করতে পারবেন না। যাইহোক, তিনি যে-স্কুলে কাজ করছেন, প্যারেন্ট কো-অর্ডিনেটরকে সেখানে সভায় পর্যবেক্ষক বা উপস্থাপক হিসাবে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানান হতে পারে। তাদেরকে এসএলটি সাবকমিটিতেও কাজ করার জন্য অনুরোধ করা হতে পারে।

অন্যান্য কর্মীর বেলায়, যিনি যে-স্কুলে কর্মরত রয়েছেন, সেখানে তিনি এসএলটি-তে পিতামাতা-সদস্য হিসাবে কাজ করতে পারবেন না। উভয় প্যারেন্ট কো-অর্ডিনেটর এবং অন্যান্য কর্মী, যাই হোক, অন্য স্কুলে, যেখানে তাদের সন্তান অধ্যয়নরত সেখানে পিতামাতা-সদস্য হিসাবে কাজ করতে পারবেন।

ডিস্ট্রিক্ট অফিসের কর্মীরা যে ডিস্ট্রিক্টে কর্মরত আছেন, সেখানে কোন এসএলটি-তে পিতামাতা-সদস্য হিসাবে কাজ করতে পারবেন না।

স্কুল সাপোর্ট অর্গানাইজেশনের (এসএসও) কর্মীরা, যে-কোন স্কুল যেটি এসএসও থেকে পরিষেবা ক্রয় করে থাকে, সেখানে এসএলটি-তে কাজ করতে পারবেন না।

2. শিক্ষার্থী ও কম্যুনিটিভিত্তিক সংস্থা

এসএলটি-তে শিক্ষার্থী (হাই স্কুলে কমপক্ষে দুই জন শিক্ষার্থী প্রয়োজন), কম্যুনিটিভিত্তিক সংস্থার (সিবিও) প্রতিনিধিও অন্তর্ভুক্ত হতে পারে। একটি দলে সমান সংখ্যক পিতামাতা এবং কর্মী রয়েছে কিন-না তা নির্ধারণে এসএলটি-র শিক্ষার্থী ও সিবিও সদস্যদের সংখ্যা গণনায় নেওয়া হবে না (সেকশন III.C.1 দেখুন)।

D. চেয়ারপার্সন/কো-চেয়ারপার্সন

1. একবার টিম গঠন করা হয়ে গেলে, টিম অবশ্যই তাদের সদস্যদের মধ্য থেকে তার একজন চেয়ারপার্সন/কো-চেয়ারপার্সন বেছে নেবে। চেয়ারপার্সন বা কো-চেয়ারপার্সনদেরকে আবশ্যিক সদস্য হতে হবে বলে ধরা বাঁধা নেই। এসএলটি-তে সর্বোচ্চ অংশগ্রহণ নিশ্চিত করার জন্যে, এসএলটি চেয়ারপার্সন বা কো-চেয়ারপার্সন হিসাবে আবশ্যিক সদস্য-নয় এমন ব্যক্তিদেরকেও বেছে নিতে পারেন।

2. চেয়ারপার্সন সভার সময়সূচি নির্ধারণ করা, টিমের সদস্যদের কাছে তাদের পরিকল্পনার পথনির্দেশনার জন্য প্রয়োজনীয় তথ্য নিশ্চিত করা, এবং স্কুলের কাছে গুরুত্বপূর্ণ এমন শিক্ষা সমস্যা নিয়ে দলকে নিবিষ্ট রাখার জন্য দায়ী থাকবেন। চেয়ারপার্সন নিশ্চিত করবেন যে দলের সকলের মতামত যেন পাওয়া যায়।

[2] একজন পিতামাতা বলতে পিতামাতা (জন্মগত অথবা সৎ-পিতামাতা), আইনগতভাবে নিয়োগকৃত অভিভাবক, পালক পিতামাতা অথবা সন্তানের সঙ্গে পিতামাতাস্থানীয় সম্বন্ধের ব্যক্তিকে বোঝায়। পিতামাতাস্থানীয় সম্বন্ধের ব্যক্তি বলতে এমন একজনকে বোঝায় যিনি, সন্তানটির পিতামাতা বা অভিভাবক না থাকার কারণে সন্তানের দেখাশোনা করছেন; এই কারণগুলির মধ্যে, অন্যান্য কারণসহ যা অন্তর্ভুক্ত থাকতে পারে, তা হচ্ছে, মৃত্যু, কারাবাস, মানসিক অসুস্থতা, সন্তান পরিত্যাগ অথবা স্টেটের বাইরে বসবাস।

E. সেক্রেটারি

প্রতিটি এসএলটি, এসএলটি থেকে একজন সদস্যকে সেক্রেটারি হিসাবে কাজ করার জন্য বেছে নিবেন। এসএলটি সভার বিজ্ঞপ্তি পাঠান এবং এসএলটি সভার কার্য বিবরণী প্রেরণের জন্য সেক্রেটারি দায়ী থাকবে।এ ধরনের কার্যবিবরণী স্কুলে অবশ্যই সংরক্ষণ করতে হবে, এবং একটি প্রতিলিপি পিএ/পিটিএ-কে দিতে হবে। এসএলটি সেক্রেটারিকে সহায়তা করার জন্য স্কুলের প্রিন্সিপ্যাল একজন অফিস কর্মীকে দায়িত্ব দিতে পারেন।

F. কম্যুনিটি এবং সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল

কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের (সিইসি) সদস্যরা তাদের স্ব-স্ব কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের এসএলটি-দের সাথে লিয়াঁজো হিসাবে কাজ করেন। একই ভাবে, সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলসের (সিসিএইচএস) সদস্যরা পুরো ব্যবস্থার মধ্যে তাদের হাই স্কুলগুলির জন্য কাজ করেন। ঠিক যেমনটা করে সিটিওয়াইড কাউন্সিল অফ স্পেশাল এডুকেশন (সিসিএসই) তাদের ডিস্ট্রিক্ট ৭৫-এর স্কুলের সাথে। এসএলটি সদস্যদের আমন্ত্রণে এসএলটি কমিটি এবং উপকমিটিতে অংশগ্রহণ করা, সভাতে পর্যবেক্ষক এবং/অথবা উপস্থাপক হিসাবে উপস্থিত থাকা এই লিয়াঁজো কর্মকান্ডের অন্তর্ভুক্ত থাকে।

IV. *স্কুল লিডারশিপ টিম স্থাপন*

A. একটি নতুন স্কুলে:

এসএলটি স্থাপন করতে হল, স্কুলকে প্রথমে অবশ্যই একটি পিএ/পিটিএ স্থাপন করে নিতে হবে। এটি করার জন্য চ্যান্সেলরের প্রবিধান A-660 প্রক্রিয়া নির্ধারণ করে দিয়েছে। একবার একটি পিএ/পিটিএ গঠন করা হয়ে গেলে, স্কুলকে অবশ্যই পরবর্তী এই পদ্ধতি অনুসরণ করতে হবে।

B. যে-স্কুলে একটি পিএ/পিটিএ বর্তমান আছে:

পিএ/পিটিএ প্রেসিডেন্ট অথবা নিযুক্ত কো-প্রেসিডেন্ট, প্রিন্সিপ্যাল এবং ইউএফটি চ্যাপ্টারের নেতা অথবা তাদের নিযুক্ত ব্যক্তিবৃন্দ অবশ্যই এক সাথে কাজ করে এসএলটি-র জন্য উপবিধি প্রণয়ন করবে। এর পর, প্রতিটি ভোটার গোষ্ঠীর দায়িত্ব হচ্ছে, এসএলটি-র উপবিধি অনুযায়ী এদের সদস্য-প্রতিনিধি নির্বাচন করা বা বেছে[3] নেওয়া।

1. এই প্রক্রিয়া, কারিগরি সহায়তা ও পথনির্দেশনার জন্য এলিমেন্টারি স্কুলে, মিড্‌ল/ইন্টারমিডিয়েট স্কুলে, ডিস্ট্রিক্ট ৭৫, এবং ডিস্ট্রিক্ট ৭৯-এ, দলের আবশ্যিক সদস্যবৃন্দ ডিওই প্যারেন্ট এনগেজমেন্ট কর্মী এবং প্রেসিডেন্টস্ কাউন্সিলের সাথে যোগাযোগ করতে পারেন, এমনকি কম্যুনিটি ডিস্ট্রিক্ট সুপারিনটেনডেন্টদের সাথেও যোগাযোগ করতে পারেন(নিচে সেকশন VI দেখুন)।

2. কারিগরি সহায়তা ও পথনির্দেশনার জন্য হাই স্কুলে, দলের আবশ্যিক সদস্যরা তাদের ডিওই প্যারেন্ট এনগেজমেন্ট কর্মী এবং বরো হাই স্কুল প্রেসিডেন্টস্ কাউন্সিলে, এমনকি হাই স্কুল সুপারিনটেনডেন্টের সাথেও যোগাযোগ করতে পারেন (এখনকার সেকশন VI দেখুন)।

একবার পুরো এসএলটি তৈরি হয়ে গেলে, এসএলটিকে টিমের উপবিধি অবশ্যই পর্যালোচনা এবং কার্যকর করতে হবে এবং প্রয়োজনে তারা উপবিধি সংশোধন করে নিতে পারেন।

যে সকল স্কুলের একাধিক সাইট রয়েছে, তাদের একটিই এসএলটি থাকবে, কিন্তু এসএলটি সকল সাইটের চাহিদা যাচাই করার জন্য উপ-কমিটি তৈরি করতে পারবে এবং তারা তাদের তথ্য এসএলটি-কে অবহিত করবে।

V. *ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম*

A. অধিকার এবং দায়িত্ব

কমিশনার অব এডুকেশনের প্রবিধানের সেকশন 100.11 অনুসারে, স্কুলভিত্তিক পরিকল্পনা এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় শিক্ষক, পিতামাতা এবং প্রশাসকদের অংশগ্রহণের জন্য, প্রতিজন কম্যুনিটি সুপারিনটেনডেন্ট অবশ্যই একটি ডিস্ট্রিক্ট পরিকল্পনা প্রস্তুত করবেন। "ডিস্ট্রিক্টের প্রশাসনিক বারগেইনিং সংস্থা কর্তৃক নির্বাচিত প্রশাসন, শিক্ষকদের সমষ্টিগত বারগেইনিং সংস্থা কর্তৃক নির্বাচিত শিক্ষক, এবং স্কুল-সম্পর্কিত সংস্থা কর্তৃক নির্বাচিত পিতামাতাদের (ডিস্ট্রিক্টে অথবা ডিস্ট্রিক্টের শিক্ষক বা প্রশাসকদের প্রতিনিধিত্বকারী সমষ্টিগত বারগেইনিং সংস্থায় চাকুরীরত নয়) সহযোগিতায়, একটি ডিস্ট্রিক্ট-পরিকল্পনা প্রস্তুত করার জন্য সুপারিনটেনডেন্ট দায়ী থাকবেন।" নিউ ইর্য়ক সিটিতে, এই কমিটিটিই হচ্ছে ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম (ডিএলটি)।

---

[3] পিতামাতা এবং সদস্য অবশ্যই নির্বাচিত হতে হবে; অন্যান্য সদস্যদেরকে বেছে নেওয়া যেতে পারে।

কম্যুনিটি স্কুল ডিস্টিক্টের সীমানার ভেতরে অবস্থিত এলিমেন্টারি, মিড্‌ল এবং হাই স্কুলের প্রতিনিধিদেরকে নিয়ে, প্রতিটি স্কুল ডিস্ট্রিক্টে অবশ্যই একটি ডিএলটি গঠন করতে হবে। স্কুল-ভিত্তিক পরিকল্পনা ও সিদ্ধান্ড়গ্রহণ প্রক্রিয়ায় পিতামাতা ও কর্মীদের অংশগ্রহণের বিষয়ে কমিশনের প্রবিধানের সেকশন 100.11 এর চাহিদাই ডিএলটি পূরণ করে।

ডিএলটি ডিস্ট্রিক্টের সার্বিক শিক্ষা পরিকল্পনা (ডিসিইপি) প্রস্তুত করবে, যেটিতে ডিস্ট্রিক্টের এবং চ্যান্সেলরের লক্ষ্যের সাথে সঙ্গতিপূর্ণ বার্ষিক লক্ষ্য ও উদ্দেশ্য অন্ড়র্ভুক্ত থাকবে, এবং ডিস্ট্রিক্টের পরবর্তী এই ছয় রকমের 100.11 পরিকল্পনাও সন্নেবেশিত থাকবে।

1. ভবন পর্যায়ে যৌথ পরিকল্পনার বিষয়াধীন শিক্ষাজনিত সমস্যা;
2. এসএলটি-র সকল পক্ষের প্রত্যাশিত সংশ্লিষ্টতার পন্থা এবং পরিমাপ;
3. শিক্ষার্থীদের অর্জনের উন্নতির মূল্যায়নের জন্য সকল পক্ষ যে-পন্থা এবং আদর্শমান ব্যবহার করবে;
4. মত বিনিময় করে পক্ষগণ যে-সিদ্ধান্ড়গ্রহণ করে তার জবাবদিহিতার জন্য সকল পক্ষ যে-পন্থা ব্যবহার করবে;
5. এসএলটি-তে বিরোধ নিষ্পত্তির জন্য প্রক্রিয়া; এবং
6. পরিকল্পনা এবং সিদ্ধান্ড়গ্রহণে পিতামাতাদের সংশ্লিষ্টতার ক্ষেত্রে স্টেট এবং ফেডারেল চাহিদা যে-পন্থায় মিটান হবে।

ডিএলটি এসএলটি-কে তাদের ডিস্ট্রিক্টে সহায়তা, পথনির্দেশনা, কারিগরি সহায়তা দিবে এবং বিরোধও নিষ্পত্তি করে দিবে। অফিস অব স্কুল ইমপ্রুভমেন্ট ডিস্ট্রিক্টের সার্বিক শিক্ষা কর্মসূচি (ডিইসইপি) প্রস্তুতকরণে সুপারিনটেনডেন্ট এবং ডিএলটিকে পথনির্দেশনা ও কারিগরী সহায়তা দিবে।

এ ছাড়াও, ডিস্ট্রিক্টে মতবিনিময়ের ভিত্তিতে সিদ্ধান্ড় গ্রহণের কার্যকারিতার মূল্যায়নের জন্য ডিএলটি অবশ্যই দ্বিবার্ষিকভাবে ডিস্ট্রিক্টের 100.11 পরিকল্পনার পর্যালোচনা করবে। ডিএলটি অবশ্যই এই দ্বিবার্ষিক পর্যালোচনা ফর্ম (সংযুক্তি A.) পূরণ করবে এবং প্রতি জোড় বছরে, পঞ্জিকা বর্ষের ১৫ই জানুয়ারির মধ্যে সেটি অফিস অব ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসিতে জমা দিবে। এই দ্বিবার্ষিক পর্যালোচনার ফলাফল প্রতি জোড়-বর্ষের অবশ্যই ১লা ফেব্রুয়ারির মধ্যে নিউ ইর্য়ক স্টেট ডিপার্টমেন্টে জমা দিতে হবে।

B. গঠন

ডিএলটি-র আবশ্যক সদস্য হচ্ছে:

- কম্যুনিটি সুপারিনটেনডেন্ট (অথবা তার নিযুক্ত ব্যক্তি)
- ডিস্ট্রিক্টের সীমানার ভিতরে অবস্থিত হাই স্কুলের স্কুল জন্য দায়ী সুপারিনটেনডেন্ট (অথবা তার নিযুক্ত ব্যক্তি)
- সিএসএ প্রতিনিধি
- ইউএফটি প্রতিনিধি
- ডিসি ৩৭ প্রতিনিধি
- ডিস্ট্রিক্টের প্রেসিডেন্টস্ কাউন্সিলের প্রেসিডেন্ট (অথবা তার নিযুক্ত ব্যক্তি)
- বরো হাই স্কুলের প্রেসিডেন্ট কাউন্সিলের প্রেসিডেন্ট (অথবা তার নিযুক্ত ব্যক্তি)
- টাইটেল ওয়ান ডিস্ট্রিক্ট প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিলের চেয়ারপার্সন (অথবা তার নিযুক্ত ব্যক্তি)

কম্যুনিটিভিত্তিক সংগঠনসমূহ (সিবিও), ডিস্ট্রিক্ট সিইসি প্রেসিডেন্ট (অথবা তার নিযুক্ত ব্যক্তি), এবং হাই স্কুল সংক্রান্ড় সিটিওয়াইড কাউন্সিলের একজন সদস্য, যার সন্ড়ান ডিস্ট্রিক্টের সীমানার মধ্যে হাই স্কুলে পড়ে, তাকেও ডিএলটি[4] তে অন্ড়র্ভুক্ত করা যেতে পারে।

[4] ডিস্ট্রিক্ট ৭৫-এর জন্য একটি ডিএলটি আবশ্যক। ডিস্ট্রিক্ট ৭৫-এর সুপারিনটেনডেন্ট একজন করে সিএসএ এবং ইউএফএ প্রতিনিধি, এবং ডিস্ট্রিক্ট ৭৫-এর প্রেসিডেন্টস্ কাউন্সিলের প্রেসিডেন্টকে (অথবা তার স্থলাভিষিক্ত ব্যক্তি) নিয়ে ডিস্ট্রিক্ট ৭৫ ডিএলটি গঠিত হবে। ডিস্ট্রিক্ট ৭৫-এর ডিএলটি-তে সিবিও এবং বিশেষ শিক্ষা সংক্রান্ড় সিটিওয়াইড কাউন্সিলের প্রেসিডেন্টকেও (অথবা তার স্থলাভিষিক্ত ব্যক্তি) অন্ড়র্ভুক্ত করা যেতে পারে।

C. সিটিওয়াইড হাই স্কুল উপকমিটি

হাই স্কুল এবং তাদের শিক্ষার্থীদের চাহিদা এবং যে-সকল বিশেষ সদস্য এদের উপর প্রভাব ফেলে, তা যেন পুরাপুরিভাবে ডিএলটি-তে আলোচনায় উঠে আসে তা নিশ্চিত কার জন্য, হাই স্কুলের প্রতিনিধিদের নিয়ে একটি সিটিওয়াইড উপকমিটি গঠিত হবে, এবং তারা মাসে মিলিত হয়ে প্রাসঙ্গিক উপাত্ত পর্যালোচনা করতে এবং হাই স্কুলে শিক্ষার্থীদের কার্যসম্পাদনার উপর প্রভাব ফেলে এমন সমস্যাগুলিকে চিহ্নিত করবে। হাই স্কুল উপকমিটির সভার ফলাফল উপকমিটির সদস্যরা (যারা লিয়াঁজো হিসাবে কাজ করবেন) ডিএলটি-কে মাসিক ডিএলটি সভায় একটি অবধারিত আলোচ্য বিষয় হিসাবে, অবহিত করবেন। ডিএলটি হাই স্কুল স্ড়রের যে কোন ভোটার প্রতিনিধিকে অন্ড়র্ভুক্ত করা অব্যাহত রাখবে এবং ডিস্ট্রিক্টের সার্বিক কে-১২কৌশলগত পরিকল্পনা এবং সসম্যা সমাধানের অংশ হিসাবে উপকমিটির লিয়াঁজো কতৃর্ক উত্থাপিত সমস্যাসমূহ আলোচনা করবে।

সিটিওয়াইড হাই স্কুল কমিটির আবশ্যক সদস্যবৃন্দ হচ্ছেন:

- হাই স্কুল সুপারিনটেনডেন্ট (অথবা তার নিযুক্ত ব্যক্তি)
- ডিস্ট্রিক্ট ৭৯ সুপারিনটেনডেন্ট (অথবা তার নিযুক্ত ব্যক্তি)
- ইউএফটি হাই স্কুল প্রতিনিধি
- সিএসটি হাই স্কুল প্রতিনিধি
- ডিসি ৩৭ হাই স্কুল প্রতিনিধি
- প্রতিটি হাই স্কুল প্রেসিডেন্টস্ কাউন্সিল থেকে একজন করে পিতামাতা-প্রতিনিধি।

VI. *স্কুল এবং ডিস্ট্রিক্ট নেতৃত্ব দলের জন্য সহায়তা*

প্রতিটি কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টে, বরোতে, এবং ডিস্ট্রিক্ট ৭৫-এ অফিস ফর ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি (ওফিয়া) থেকে একজন দায়িত্বপ্রাপ্ত কর্মী থাকবেন, যিনি, পেশাগত উন্নয়ন এবং কারিগরি সহায়তা প্রদানসহ এসএলটি-কে এবং ডিএলটি-কে সার্বিক সহায়তা প্রদান করবেন। এ ছাড়াও, ডিএলটি গঠন করার জন্য সুপারিনটেনডেন্টবৃন্দ ওফিয়া-র সহায়তা চাইতে পারেন।

যেখানে যেমনটা প্রযোজ্য, দায়িত্বপ্রাপ্ত ওফিয়া-কর্মী সকল দলগত কাঠামোকে তাদের ভূমিকা ও দায়িত্ব পালনে সহায়তা করার জন্য সঞ্চালক হিসাবে কাজ করবেন। তারা স্ব-স্ব ডিস্ট্রিক্ট এবং স্কুল দলের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবেন যাতে এই প্রবিধানে বর্ণিত দায়িত্ব পূরণে দলের সামর্থ্যকে সাহায্য করা যায়।

ডিএলটি-কে সমর্থন এবং সহায়তা দেওয়ার জন্য দায়িত্বপ্রাপ্ত ওফিয়া এনগেজমেন্ট কর্মী কম্যুনিটি সুপারিনটেনডেন্টের সাথে সমন্বয় বজায় রেখে কাজ করবেন। তারা তাদের এসএলটি-তে এবং ডিএলটি-তে নিয়মিতভাবে প্রশিক্ষণ অধিবেশনের আয়োজন করবেন।

দায়িত্বপ্রাপ্ত ওফিয়া এনগেজমেন্ট কর্মী হাই স্কুলে এসএলটি-র জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ অধিবেশন পরিচালনা করবেন।

প্রশিক্ষণের মূল এলাকাগুলি হচ্ছে. তবে এতেই সীমিত নয়:

- ভূমিকা এবং দায়িত্ব
- দল পরিচালনা;
- স্কুলব্যাপী চাহিদা নির্ণয়;
- স্কুল বাজেট অনুধাবন করা; এবং
- অফিস অব স্কুল ইমপ্রুভমেন্টের সাথে একটি সার্বিক শিক্ষা পরিকল্পনা পর্যালোচনা প্রস্তুত করার জন্য, পরিবার এবং কম্যুনিটিকে সংশ্লিষ্ট করা।

এ ছাড়াও, পিএ/পিটিএ থেকে ডিএলটি তথ্য সংগ্রহ করবে যাতে ডিএলটি প্রতি বছর ডিসেম্বরের ১ তারিখ থেকে শুর— করে এসএলটি এবং ডিএলটি যে-কার্যক্রম সম্পাদন করছে, তার উপর একটি ত্রৈমাসিক প্রতিবেদন অফিস ফর ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসির কাছে উপস্থাপন করতে পারে। অফিস ফর ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি প্রতিবেদনের ছক সরবরাহ করবে।

টাইটেল ওয়ান কর্মসূচির চাহিদার প্রতি সাড়া দেওয়া এবং সার্বিক শিক্ষা পরিকল্পনা (সিইপি) প্রস্তুতের জন্য অফিস অব স্কুল ইমপ্র—ভমেন্ট এসএলটি-দেরকে প্রশিক্ষণ দিবে।

VII. *সভার সময়সূচি*

স্কুল বর্ষে কমপক্ষে মাসে একবার করে এসএলটি সভা অনুষ্ঠিত হবে উচিত, অবশ্যই তা স্কুল অথবা ডিওই-র জায়গাতে অনুষ্ঠিত হবে এবং পিতামাতা-সদস্যদের সুবিধামত সময়ে (দিনে অথবা সন্ধ্যায়) হবে। প্রত্যাশা করা হয় যে, আবশ্যিক সদস্যবৃন্দ অথবা তাদের নিযুক্ত ব্যক্তিরা এসএলটি-র সকল সভায় উপস্থিত থাকবেন।

অবশ্যই উন্মুক্ত সভা আইনের সাথে সঙ্গতিপূর্ণ একটি আকারে সভার বিজ্ঞপ্তি প্রদান করতে হবে।

VIII. *সিদ্ধান্ড়গ্রহণ/সমস্যা সমাধান*

সিদ্ধান্ড় গ্রহণের পদ্ধতি হিসাবে এসএলটি মূলত অবশ্যই ঐকমত্যভিত্তিক সিদ্ধান্ড় প্রক্রিয়া ব্যবহার করবে। দলগুলি অবশ্যই সহযোগিতামূলক সমস্যা-নিরসন এবং সমাধান অন্বেষণের এবং যখন প্রয়োজন, কার্যকরভাবে বিরোধ নিরসনের কৌশল পদ্ধতি প্রস্তুত করে নিবে।

কোন দল যখন একটি সমস্যা সমাধানের জন্য সকল প্রচেষ্টা নেওয়ার পর, সদস্যগণ একমত হতে পারছেন না, তখন দল ডিএলটির সহায়তা চাইবে এবং তাও যদি সফল না হয়, সেক্ষেত্রে কম্যুনিটি অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্টের সহায়তা নেবে। কম্যুনিটি অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্ট এসএলটির মধ্যে মতৈক্য আনার চেষ্টা করবে। এই ধরনের সহায়তা চাওয়া এবং পাওয়ার পরও যদি এসএলটি সিইপি-র ব্যাপারে মতৈক্যে পৌঁছুতে না পারে, তাহলে সুপারিনটেনডেন্ট নিজে সিইপি গঠনের সিদ্ধন্তটি নিবেন। যদিও, সিইপি বিষয়ে সিদ্ধান্ত সুপারিনটেনডেন্ট শুধুমাত্র শেষ ভরসা হিসাবে নিবেন যদি এসএলটি সদস্যদের তৈক্যে পৌঁছুতে উপরে উল্লিখিত সকল উপায় ব্যর্থ হয়।

যদি এসএলটি বা সুপারিনটেনডেন্টের কাছ থেকে সহায়তা পাওয়ার পরও সিইপি-র উপর একমতে পৌঁছাতে না পারেন, তাহলে প্রিন্সিপ্যাল চূড়ান্ড় সিদ্ধান্ড় নিবেন।

IX. *বেতন/রেকর্ডকিপিং*

A. বার্ষিক ৩০০ ডলার বেতন পাওয়ার যোগ্যতা অর্জনের জন্য, শিক্ষার্থী ও সিবিও প্রতিনিধিসহ এসএলটি সদস্যদেরকে এসএলটি-তে অবশ্যই কমপক্ষে ৩০ ঘন্টার সেবা প্রদান করতে হবে এবং ডিপার্টমেন্ট অব এডুকেশনের (ডিওই) দেওয়া সম্পর্কিত সিইপি এবং বাজেট বিষয়ের উপর প্রতিবছর একটি বাধ্যতামূলক প্রশিক্ষণ অধিবেশনে উপস্থিত থাকতে হবে। যেসকল দলের সদস্য প্রশিক্ষণে উপস্থিত হয়েছেন, কিন্তু ৩০ ঘন্টার কম সেবা দিয়েছেন, তারা আনুপাতিক হারে বেতনের অনুরোধ জানাতে পারেন।

1. কতঘন্টা কাজ করেছেন তার তথ্যসংবলিত সকল রেকর্ড চেয়ারপার্সনের কাছে প্রক্রিয়াকরণের জন্য জমা দেওয়া নিশ্চিত করার জন্য দলের সদস্যগণ দায়ী থাকবেন।

2. প্রত্যেক সদস্য অবশ্যই সিদ্ধান্ড় নেবেন যে, তার বেতন তিনি গ্রহণ করবেন কি-না, না স্কুলের অন্য কোন উদ্দেশ্যে ব্যবহারের জন্য সেটা অনুদান হিসেবে দিয়ে দেবেন। দলের উপবিধিতে কোন সুনির্দিষ্ট বিকল্প চাপিয়ে দেওয়া যাবে না।

B. প্রতিটি সভায় উপস্থিতি এবং কার্যবিবরণী অবশ্যই রেকর্ড করতে হবে।

X. *স্কুল ভিত্তিক অন্যান্য সংস্থার সাথে এসএলটি-র সম্পর্ক*

স্কুলের পরিকল্পনা এবং পর্যলোচনার অঙ্গা হিসাবে এসএলটি তার ভূমিকায় হচ্ছে স্কুলের মধ্যে একটি কেন্দ্রিয় সমন্বয়কারক দল, এর উচিত হল স্কুলের নানা কমিটির মধ্যে যোগাযোগের প্রক্রিয়াকে সহজতর করে দেওয়া।

A. চ্যান্সেরের প্রবিধান C-30 লেভেল ওয়ান কমিটি

1. স্কুলে কোন প্রিন্সিপ্যাল বা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল পদপ্রার্থীকে নিয়োগ দেওয়ার আগে, এসএলটি-র সকল সদস্যদের পরামর্শ নিতে হবে।

2. চ্যান্সেলরের প্রবিধান C-30 - এর নির্ধারিত চাহিদাপূরণ সাপেক্ষে, এসএলটি সদস্যবৃন্দ লেভেল ওয়ান C-30 কমিটিতে কাজ করার যোগ্য। যাই হোক, যদি এসএলটি থেকে লেভেল ওয়ান C-30 কমিটিতে কাজ করার জন্য পিতামাতাদেরকে না পাওয়া যায়, তাহলে লেভেল ওয়ান কমিটির চেয়ারপার্সন স্কুলের পিএ/পিটিএ-এর অফিসারদেরকে কাজ করার[5] সুযোগের প্রস্ড়াব দিবেন।

B. স্কুল পুনর্গঠনের পরিকল্পনা

স্কুলের কোন পুনর্গঠনের বিষয়ে সুপারিনটেনডেন্ট অথবা তার নিযুক্ত ব্যক্তি এসএলটি-র সাথে পরামর্শ করবেন। স্কুল বন্ধ করে দেওয়ার সকল প্রস্ড়াব অথবা স্কুল ব্যবহারের ক্ষেত্রে গুর“ত্বপূর্ণ পরিবর্তনের ক্ষেত্রে, স্কুলের অনুষ্ঠিত যৌথ উন্মুক্ত শুনানিতে অংশগ্রহণ করবে। চ্যান্সেলরের প্রবিধান A-190 দেখুন। এনসিএলবি/এসইডি আদেশাধীন 'উন্নতি আবশ্যক' হিসাবে চিহ্নিত স্কুলের (সিনি এবং সার) পুনর্গঠনের চাহিদা সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে OSI@schools.nyc.gov.-এ অফিস অব স্কুল ইমপ্র“ভমেন্টে যোগাযোগ কর“ন। স্কুল পর্যায়ক্রমে তুলে নেওয়া এবং স্কুল বন্ধ করার বিষয়ে আরো তথ্যের

[5] আরো তথ্যের জন্য চ্যান্সলরের প্রবিধান C-30 দেখুন।

জন্য, অনুগ্রহ করে portfolio@schools.nyc.gov. -এ অফিস অব পোর্টফোলিও ডেভলপমেন্টে যোগাযোগ করুন।

C. বিল্ডিংয়ে অন্যান্য স্কুল

যে বিল্ডিংয়ে একাধিক স্কুল কাজ করে, সেখানে এসএলটি-কে বছরে কমপক্ষে দুইবার সভার মিলিত হয়ে পারস্পরিক উদ্বেগের বিষয় নিয়ে আলোচনা করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

XI. *পিতামাতাদের সাথে পরামর্শ*

'কোন শিশুই পিছিয়ে থাকবে না'- র চাহিদা মেটানোর জন্য, স্কুল এবং ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম 'ফেডারেল পুনর্ভরণযোগ্য অর্থায়ন এবং কর্মসূচি পরিকল্পনা'র (যেমন, টাইটেল ওয়ান) ব্যবহার সম্পর্কে পিতামাতা প্রতিনিধিদের সঙ্গে পরামর্শকরণের মাধ্যম হিসাবে কাজ করবে। প্রয়োজনীয় এই পরামর্শ যে করা হয়েছে, তা যাচাই করার জন্য স্কুল এবং ডিস্ট্রিক্ট লিডারশিপ টিমকে নথিতে প্রয়োজনীয় কাগজপত্র সংরক্ষণ করতে হবে।[6]

XII. *উপবিধি*

এসএলটি এবং ডিএলটি-এর দায়দায়িত্ব সম্পর্কে স্বচ্ছ নির্দেশনা দেওয়ার জন্য প্রতিটি এসএলটি এবং ডিএলটি-কে অবশ্যই তাদের উপবিধি এবং পরিচালনার নির্দেশনা প্রস্তুত করে নিতে হবে। সকল উপবিধি এই প্রবিধানের সঙ্গে অবশ্যই সঙ্গতিপূর্ণ হতে হবে। উপবিধির একটি ছক সংযুক্তি 4 হিসাবে সংযুক্ত করা হল। দলের সদস্যপদ এবং পরিচালনা সম্পর্কে উপবিধিতে মূল সিদ্ধান্তসমূহ সন্নিবেশিত থাকতে হবে।

সকল উপবিধিতে ***অবশ্যই*** নিচের বিষয়গুলোর ব্যাখ্যা থাকতে হবে:

- চেয়ারপার্সন এবং দলের সদস্যদের ভূমিকা;
- দলের গঠনবৃত্তান্ত;
- কোরাম;
- পিতামাতা এবং কর্মী সদস্যদের নির্বাচন পদ্ধতি;
- চেয়ারপার্সন নির্বাচনের পদ্ধতি;
- প্রযোজ্যক্ষেত্রে সিবিও এবং শিক্ষার্থী সদস্য নির্বাচন পদ্ধতি;
- মেয়াদকাল এবং মেয়াদের সময়সীমা;
- চেয়ারপার্সন এবং সদস্যদের অপসারণ পদ্ধতি;
- দলে বিরোধ নিরসনের প্রয়োজনে সিদ্ধান্তগ্রহণের (অর্থাৎ ঐকমত্য বা সংখ্যাগরিষ্ঠতা আইন) পদ্ধতি এবং পন্থা;
- শূন্যপদ পূরণ;
- সভায় পর্যবেক্ষকদের ভূমিকা;
- সভায় কে কে বক্তব্য রাখতে পারবেন;
- আলোচ্যসূচি কীভাবে নির্ধারিত হবে;
- টিম স্কুল বর্ষে কমপক্ষে অবশ্যই দশবার সভা করবে;
- কয়টি সভায় অনুপস্থিত থাকা যেতে পারে, এবং নির্ধারিত সংখ্যার চেয়ে বেশি সভায় অনুপস্থিত থাকলে তার পরিণাম কী;
- আবশ্যিক -নয় এমন পিতামাতাদের মেয়াদকাল পরিবর্তন করা যাবে কিনা; এবং
- যাতে একজন সেক্রেটারি নির্বাচন করা হয়।

[6] অনুগ্রহ করে অফিস ফর ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি কতৃর্ক প্রচারিত, ডিপার্ট ডিপার্টমেন্ট অব এডুকেশনের টাইটেল ওয়ান পিতামাতাদের সংশ্লিষ্টতার পর্থনির্দেশনা স্মারক দেখুন।

NYC Department of Education

এসএলটি এবং ডিএলটি তাদের উপবিধির মাধ্যমে চাইতে পারে যে, তারা অন্যান্য স্কুল কমিটির সাথে, যেমন, প্যারেন্ট অ্যাসোসিয়েশন/পারেন্ট টিচার অ্যাসোসিয়েশন এবং টাইটেল ওয়ান কমিটি, সভা করে এবং সমন্বয় করে নিশ্চিত করে যে, স্কুলব্যাপী সকল কমিটি সিইপি-তে নির্ধারিত লক্ষ্যের দিকে কাজ করে যাচ্ছে।

কমপক্ষে দ্বিবার্ষিকভাবে এসএলটি এবং ডিএলটি-র উপবিধি সংশ্লিষ্ট টিম কতৃর্ক পর্যালোচিত হতে হবে। এসএলটি প্রতি বছর ৩১শে অক্টোবরের মধ্যে তাদের সদস্যদের একটি তালিকা এবং বর্তমান উপবিধির প্রতিলিপি অবশ্যই ডিএলটি-র কাছে জমা দেবে। প্রতিটি ডিএলটি প্রতি বছর ১৫ই নভেম্বরের মধ্যে তাদের ডিস্ট্রিক্টের স্কুলের সকল এসএলটি সদস্যদের তালিকা এবং উপবিধি অবশ্যই চিফ ফ্যামিলি এনগেজমেন্ট অফিসারের (সিএফইও) কাছে জমা দিবে। এসএলটি যদি তার উপবিধিতে পরিবর্তন আনে, অথবা তার সদস্যপদে কোন পরিতর্বন ঘটে, তাহলে পরিবর্তনের বিজ্ঞপ্তি অবশ্যই ডিএলটি-র কাছে পাঠাতে হবে, এবং ডিএলটি এই তথ্য সিএফইও-র কাছে পাঠাবে।

XIII. *স্কুলভিত্তিক পরিকল্পনা এবং মতবিনিময়ভিত্তিক সিদ্ধান্তগ্রহণের কেন্দ্রিয় পরিকল্পনা*

কমিশনার অব এডুকেশনের প্রবিধানের সেকশন 100.11 এবং একই সাথে এই প্রবিধানে নির্ধারিত পদ্ধতি অনুযায়ী, স্কুলভিত্তিক পরিকল্পনা এবং মতবিনিময়ভিত্তিক সিদ্ধান্তগ্রহণের প্রক্রিয়ায় ডিএলটিদের গৃহীত নিজ নিজ ডিস্ট্রিক্টের পরিকল্পনা সন্নিবেশিত করা হয়। অফিস অব স্কুল ইমপ্রুভমেন্ট প্রতিটি ডিস্ট্রিক্টের পরিকল্পনার প্রতিলিপি সংরক্ষণ করার জন্য এবং সেগুলি নিয়ে কেন্দ্রিয় পরিকল্পনা দাঁড় করানোর জন্য দায়ী থাকে। স্কুলভিত্তিক পরিকল্পনা এবং মতবিনিময়ভিত্তিক সিদ্ধান্তগ্রহণের কেন্দ্রীয় পরিকল্পনা যে-সিটিওয়াইড কমিটি অনুমোদন দেয়, সেই কমিটিতে একজন সিনিয়র ইউএফটি প্রতিনিধি, একজন সিনিয়র সিএসএ প্রতিনিধি, একজন সিনিয়র ডিসি প্রতিনিধি এবং চ্যান্সেলরের নিযুক্তপ্রতিনিধিবৃন্দ থাকবেন।

XIV. *নালিশ*

A. সন্তান যে-স্কুলে পড়ছে, সেই স্কুলের এসএলটি-তে কাজ করার জন্য নির্বাচন সম্পর্কে পিতামাতা লিখিত অভিযোগ দাখিল করতে পারবেন।

B. এ ধরনের অভিযোগ অবশ্যই নির্বাচন হওয়ার সাত (৭) স্কুল দিবসের মধ্যেই যথাযথ সুপারিনটেনডেন্টের[7] কাছে দাখিল করতে হবে। অভিযোগ পাওয়ার সাত (৭) স্কুল দিবসের মধ্যে সুপারিনটেনডেন্ট একটি সিদ্ধান্ত দিবেন। যদি সাত (৭) স্কুল দিবসের মধ্যে চলমান কোন তদন্তের কারণে অথবা অন্য কোন কর্তৃপক্ষের কাছে বিষয়টি পাঠানোর কারণে, সিদ্ধান্ত দেওয়া না যায়, তাহলে সাত (৭) স্কুল দিবসের মধ্যে সুপারিনটেনডেন্ট বিলম্বের কারণ ব্যাখ্যা করে অবশ্যই একটি উত্তর দেবেন এবং চূড়ান্ত সিদ্ধান্তের একটি প্রস্তাবিত তারিখ অবশ্যই অন্তর্ভুক্ত করবেন। অন্তর্বর্তী কোন সমাধান যথাযথ হলে, উত্তরে তা উল্লেখ করা থাকতে হবে।

C. পিতামাতা সুপারিনটেনডেন্টের সিদ্ধান্তের বিরুদ্ধে চ্যান্সেলরের কাছে আপিল জানাতে পারেন। এ ধরনের আপিল সুপারিনটেনডেন্টের সিদ্ধান্ত পাওয়ার দশ (১০) স্কুল দিবসের মধ্যে অবশ্যই দাখিল করতে হবে। আপিল অবশ্যই চ্যান্সেলরের কাছে নিচের ঠিকানায় পাঠাতে হবে: Chancellor c/o The Office of Legal Services, 52 Chambers Street, Room 308, New York, NY 10007 আপিল আবেদন পাওয়ার চৌদ্দ (১৪) স্কুল দিবসের মধ্যে চ্যান্সেলর একটি সিদ্ধান্ত দেবেন। যদি চৌদ্দ (১৪) স্কুল দিবসের মধ্যে, চলমান কোন তদন্তের কারণে অথবা অন্য কোন কর্তৃপক্ষের কাছে বিষয়টি পাঠানোর কারণে, সিদ্ধান্ত না দেওয়া যায়, তাহলে সাত দিনের মধ্যে চ্যান্সেলর বিলম্বের কারণ ব্যাখ্যা করে অবশ্যই একটি উত্তর দেবেন, এবং চূড়ান্ত সিদ্ধান্তের একটি সম্ভাব্য তারিখ অবশ্যই অন্তর্ভুক্ত করবেন। যেখানে অন্তর্বর্তী সিদ্ধান্ত যথাযথ হবে, উত্তরে তা উল্লেখ করতে হবে। আপিলের উপর চ্যান্সেলরের সিদ্ধান্তই চূড়ান্ত।

XV. *নির্দেশনা এবং সহায়তা*

এই প্রবিধানের বাস্তবায়ন সম্পর্কে কোন প্রশ্ন থাকলে অফিস অব ফর ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি পথনির্দেশনা এবং উত্তর দিবে।

স্কুল এবং ডিস্ট্রিক্ট স্তরের সার্বিক শিক্ষা পরিকল্পনা, ডিস্ট্রিক্ট 100.11 পরিকল্পনা, টাইটেল ওয়ান কর্মসূচির চাহিদা এবং ফেডারেল এবং স্টেটের স্কুল এবং ডিস্ট্রিক্ট উন্নয়ন প্রক্রিয়ার প্রস্তুতি এবং পর্যালোচনা সম্পর্কে অফিস অব স্কুল ইমপ্রুভমেন্ট পথনির্দেশনা এবং কারিগরি সহায়তা দিবে। (সেকশন VI দেখুন)।

এ ছাড়া,অফিস ফর ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অন্যান্য কেন্দ্রীয় অফিসের সঙ্গে পরামর্শক্রমে, এই প্রবিধানের সম্পূরক পথনির্দেশনা দিতে পারে।

এই প্রবিধান সম্পর্কে সকল অন্যান্য সাধারণ প্রশ্ন এখানে পাঠাতে হবে:

[7] কম্যুনিটি ডিস্ট্রিক্ট স্কুল সম্পর্কে অভিযোগ কম্যুনিটি সুপারিনটেনডেন্টের কাছে দাখিল করা হয়; হাই স্কুল সম্পর্কে অভিযোগ হাই স্কুল সুপারিনটেনডেন্টের কাছে দাখিল করা হয়, ডিস্ট্রিক্ট ৭৫ সম্পর্কে অভিযোগ ডিস্ট্রিক্ট ৭৫ সুপারিনটেনডেন্টের কাছে দাখিল করা হয।

ফোন:	*Office for Family Engagement and Advocacy*	ফ্যাক্স:
212-374-2323	N.Y.C. Department of Education 49 Chambers Street – Room 503 New York, NY 10007	212-374-0076

NYC Department of Education

স্কুল-ভিত্তিক বাজেট এবং সিইপি সারাংশ

স্কুল-ভিত্তিক বাজেট এবং সিইপি সারাংশ সিইপি-র প্রধান লক্ষ্যসমূহ বিবৃত করে এবং স্কুল-ভিত্তিক বাজেট যে সিইপি-র সাথে সমন্বিত তা প্রদর্শন করে। এটি সিইপি-তে প্রদত্ত প্রধান লক্ষ্য ও কর্মসূচিসমূহ এবং বাজেট বরাদ্দ যা এইসব লক্ষ্য এবং কর্মসূচির সাথে সমন্বিত এবং সহায়তা প্রদান করে - সেগুলোকে তালিকাভুক্ত করে।

I. সিইপি-র সামগ্রিক সারাংশ (শিক্ষাবিষয়ক লক্ষ্য, কর্মসূচি, আসছে বছর স্কুলে যেসব প্রচেষ্টা বাস্তবায়িত হবে)

এই অংশে আসছে বছর এই জায়গাটুকুতে সিইপি-র যে রেখাচিত্রটি থাকবে তা দেয়া হবে; তারপর নিচের বাক্সগুলোতে প্রত্যেকটি সিইপির লক্ষ্য বা কর্মসূচি পৃথক পৃথক বাক্সে তালিকাভুক্ত হবে।

II. বাজেট সার-সংক্ষেপ

আগামী বছরের সামগ্রিক স্কুল-ভিত্তিক বাজেটের প্রতিফলন একটি ওয়ার্কশিটে প্রদান করা হবে (এই স্থানে অথবা এখানে সংযুক্তি হিশেবে); তারপর, নিচের বাক্সগুলোতে, সিইপির প্রত্যেকটি লক্ষ্য অথবা কর্মসূচির বাজেট বরাদ্দ (অর্থের উৎস) প্রদান করা হবে।

III. সিইপির সাথে স্কুল-ভিত্তিক বাজেটের সমন্বয়

এই অংশে, প্রত্যেক সিইপি লক্ষ্য/কর্মসূচি আগামী বছরের বাজেট বরাদ্দের সাথে সমন্বিত কিনা তা প্রিন্সিপ্যালকে নিচের বাক্সগুলো ব্যবহার করে অবশ্যই প্রদর্শন করতে হবে।

সিইপি লক্ষ্য অথবা কর্মসূচি	বাজেট বরাদ্দ (অর্থায়ন)

সিইপি লক্ষ্য অথবা কর্মসূচি	বাজেট বরাদ্দ (অর্থায়ন)

যে ব্যক্তি জমা দিয়েছেন:

____
(স্বাক্ষর)

____
(স্পষ্টাক্ষরে নাম লিখুন)

____________________________ এর প্রিন্সিপ্যাল

তারিখ: ____________________

স্কুল-ভিত্তিক বাজেটের সাথে সিইপি-র সমন্বয়ে প্রিন্সিপ্যালের যৌক্তিকতায় স্কুল নেতৃত্ব দলের জবাব (প্রয়োজনবোধে, অতিরিক্ত কাগজ সংযুক্ত করুন):

জমা দিয়েছেন:

(স্বাক্ষর)	(নাম প্রিন্ট করুন)	(তারিখ)

Department of Education

স্কুল নেতৃত্ব দলের বার্ষিক মুল্যায়ন ফরম

স্কুলের নাম:	স্তর: ___ ইএস ___ এমএস ___ এইচএস	বছর:
প্যারেন্ট প্রতিনিধি:	___ আবশ্যিক ___ ঐচ্ছিক	
তারিখ:	এসএলটিতে যত বছর কাজ করা হয়েছে: ___ ০–১ ___ ১–৩ ___ ৪+	

প্রিন্সিপ্যালের ফরমে স্কুল নেতৃত্ব দলের (এসএলটি) মুল্যায়ন

স্কুলের নাম:	স্তর: ___ ইএস ___ এমএস ___ এইচএস	বছর:
প্যারেন্ট প্রতিনিধি:	___ আবশ্যিক ___ ঐচ্ছিক	
তারিখ:	এসএলটিতে যত বছর কাজ করা হয়েছে: ___ ০–১ ___ ১–৩ ___ ৪+	

অনুগ্রহ করে এসএলটি সদস্য হিশেবে এই বছরে আপনার অভিজ্ঞতার ভিত্তিতে স্কুল নেতৃত্ব দলের সাথে কার্যকর সহযোগিতামূলক সিদ্ধান্তগ্রহণের সম্পর্ক গড়ে তোলাতে প্রিন্সিপ্যালের কার্যসম্পাদনার মূল্যায়ন করুন।

এক্সিলেন্ট ___ খুব ভালো ___ ভালো ___ সন্তোষজনক ___ উন্নতি আবশ্যক ___

মতামত:

____

____

____

____

____

____

আমি এই চিঠিটি পড়েছি এবং চিঠির বিষয়ও বুঝেছি। আমি প্রত্যয়ন করছি যে, আমার অভিজ্ঞতার আলোকেই আমি উত্তর দিয়েছি।

_________________________ _________________________
পিতামাতা/কর্মীর নাম স্বাক্ষর/তারিখ

ডিপার্টমেন্ট অব এডুকেশন এই মুল্যায়ন পেয়েছে।

_________________________ _________________________
নাম স্পষ্টাক্ষরে লিখুন সই/তারিখ